

CORE সম্পর্কে



Department
of Health

Office of
Mental Health

Office of Addiction
Services and Supports

বারংবার জিজ্ঞাসিত প্রশ্ন

1

CORE পরিষেবা কী?

কমিউনিটি ভিত্তিক পুনরুদ্ধার এবং ক্ষমতায়ন (Community Oriented Recovery and Empowerment-CORE) পরিষেবাগুলি হল বিশেষ পরিষেবা যা আপনাকে আপনার পুনরুদ্ধারের লক্ষ্য পূরণে সাহায্য করতে পারে, যেমন চাকরি খোঁজা বা স্কুলে যাওয়া বা আরও স্বাধীনভাবে জীবনযাপনে সহায়তা পাওয়া।

2

CORE কীভাবে আমায় সাহায্য করতে পারে?

CORE পরিষেবাগুলি আপনার ব্যক্তিগত পুনরুদ্ধারের লক্ষ্য পূরণের জন্য তৈরি করা হয়েছে - আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ কী, আপনি কীভাবে আপনার লক্ষ্যগুলি পূরণ করতে পারেন এবং সমর্থনের নেটওয়ার্ক তৈরি করতে পারেন।

3

CORE পরিষেবা কি আমার জন্য সঠিক?

আপনি যদি 21 বছর বা তার বেশি বয়সী হন, মেডিকেইডে কভার থাকেন এবং একটি স্বাস্থ্য ও পুনরুদ্ধার পরিকল্পনায় নথিভুক্ত থাকেন (HARP), সেক্ষেত্রে CORE পরিষেবা আপনার জন্য একদম উপযুক্ত। অতিরিক্তভাবে, HIV-বিশেষ প্রয়োজনীয়তা পরিকল্পনা (Special Needs Plans) বা মেডিকেইড অ্যাডভান্টেজ প্লাস পরিকল্পনায় নথিভুক্ত কিছু ব্যক্তিও CORE পরিষেবার যোগ্য হতে পারেন।

4

আমি কীভাবে CORE পরিষেবা পেতে পারি?

আপনি NYS মেডিকেইড পরিচালিত পরিচর্যা (Medicaid Managed Care)-এ নথিভুক্ত থাকেন, তাহলে আপনি CORE পরিষেবার জন্য যোগ্য কিনা দেখতে মেডিকেইড পরিচালিত পরিচর্যা পরিকল্পনায় (Medicaid Managed Care plan) যোগাযোগ করুন। আপনার আচরণগত স্বাস্থ্য প্রদানকারীর সাথে কথা বলুন অথবা আপনি গৃহ স্বাস্থ্যে নথিভুক্ত থাকলে, গৃহ স্বাস্থ্য পরিচর্যা ম্যানেজারকেও জিজ্ঞাসা করতে পারেন।

5

CORE পরিষেবায় কত খরচ পড়ে?

CORE পরিষেবা আপনার বীমাতেই অন্তর্ভুক্ত থাকে এবং আপনার জন্য বিনামূল্যে উপলব্ধ।

6

আমি অ্যাপয়েন্টমেন্টে যেতে সমস্যা হচ্ছে, আমি কি এখনও CORE পরিষেবা পেতে পারি?

CORE পরিষেবা আপনার বাড়ি, কমিউনিটি অথবা আপনার সুবিধামত স্থানে দেওয়া যেতে পারে।

